49

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 18 OCT 1996 ..
পৃষ্ঠা ... কলাম

# এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

## পাসের হার ॥ ঢাকা ঃ ২৪.৩২, চট্টগ্রাম ঃ ৩৪.৪৯ কুমিল্লা ঃ ৩০.৭৬, যশোর ঃ ১৯.৩৫

জনকণ্ঠ রিপোর্ট

মেধা তালিকা ২-এর পাতায়

দেশের চারটি বোর্ড উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ করেছে। ১৯৯৬ সালে অনুষ্ঠিত এই পরীক্ষার ফল বৃহস্পতিবার একযোগে ঢাকা থেকে প্রকাশিত হয়। ঢাকা বোর্ডে পাসের হার শতকরা ২৪ দশমিক ৩২, চট্টগ্রাম বোর্ডে ৩৪ দশমিক ৪৯, কুমিল্লা বোর্ডে ৩০ দশমিক ৭৬ এবং যশোর

(শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## এইচএসসি

(প্রথম পাতার পর)

বোর্ডে ১৯ দশমিক ৩৫ শতাংশ। রাজশাহী বোর্ডের ফল আগামীকাল শনিবার প্রকাশিত হবে বলে জানা গেছে।

ঢাকা বোর্ডের অধীনে এবার এক লাখ ৭৩ হাজার ৬৪০ ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষা দিয়েছে। এদের মধ্যে পাস করেছে ৪২ হাজার ২২৯ ছাত্রছাত্রী। বিজ্ঞান বিভাগ থেকে পরীক্ষায় অংশ নেয় ২৯ হাজার ৫২৭ জন। এদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ছয় হাজার ৬৪৮জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে সাত হাজার ৮৮৫ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে ৭২৬ জন। মানবিক বিভাগ থেকে এক লাখ ১০ হাজার ৭৫২ ছাত্রছাত্রী পরীক্ষা দেয়। প্রথম বিভাগ পেয়েছে দুই হাজার ৫০ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ১০ হাজার ৬১৮ জন, তৃতীয় বিভাগ পেয়েছে চার হাজার ১২৬ জন। বাণিজ্য বিভাগ থেকে ৩৩ হাজার ৩৬১ জন পরীক্ষা দেয়। প্রথম বিভাগে পাস করেছে দুই হাজার ৪৬৫ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ছয় হাজার ২৯৪ এবং তৃতীয় বিভাগে পাস করেছে এক হাজার ৪১৭ ছাত্রছাত্রী। ঢাকা বোর্ডে মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্রের সংখ্যা এক লাখ চার হাজার ২২৭ এবং ছাত্রীর সংখ্যা ৬৯ হাজার ৪১৩ জন। ছাত্রদের মধ্যে পাস করেছে ২৫ হাজার ৯৯০ এবং ছাত্রীদের মধ্যে ১৬ হাজার ২৩৯ জন। ছাত্রদের পাসের হার ২৪ দশমিক ৯৪ এবং ছাত্রীদের ২৩ দশমিক ৩৯ শতাংশ।

চট্টগ্রাম বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৬ হাজার ৪৭৫ জন। পাস করেছে ১২ হাজার ৫৮১ জন। বিজ্ঞান বিভাগে পরীক্ষা দিয়েছে সাত হাজার নয় জন ছাত্রছাত্রী। প্রথম বিভাগ পেয়েছে এক হাজার ৬১১ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে দুই হাজার ৭৪০ জন, তৃতীয় বিভাগ পেয়েছে ১৩০ জন। মানবিক বিভাগে পরীক্ষা দিয়েছে বিশ হাজার ৮৪৬ জন। এদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ১৭২ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে তিন হাজার ৩৩৫ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে এক হাজার ১২৪ জন। বাণিজ্য বিভাগ থেকে আট হাজার ৬২০ ছাত্রছাত্রী পরীক্ষা দিয়েছে। প্রথম বিভাগ পেয়েছে ১৭২জন, দ্বিতীয় বিভাগে পাস করেছে দুই হাজার ৩৮৯জন এবং তৃতীয় বিভাগে পাস করেছে ৯০৮ জন ছাত্রছাত্রী। মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্রের সংখ্যা ২২ হাজার ৪৫৩ জন, পাস করেছে আট হাজার ৬১ জন। ছাত্রীর সংখ্যা ১৪ হাজার ২২, পাস করেছে চার হাজার ৫২০ জন। ছাত্রদের পাসের হার ৩৫ দশমিক ৯০ এবং ছাত্রীদের ৩২ দশমিক ২৪ শতাংশ।

কুমিল্লা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ৭৭ হাজার ১০৫ জন। পাস করেছে ২৩ হাজার ৭১৫ জন। বিজ্ঞান বিভাগ থেকে ১১ হাজার ১৬৬ জন পরীক্ষা দিয়ে প্রথম বিভাগে দুই হাজার ৫৪২ জন, দ্বিতীয় বিভাগে তিন হাজার ২৪৫ জন এবং তৃতীয় বিভাগে ২৬১ জন পাস করেছে। মানবিক বিভাগে পরীক্ষার্থী সংখ্যা হচ্ছে ৫৩ হাজার ৪৩৫, প্রথম বিভাগ পেয়েছে ৬০৯জন দ্বিতীয় বিভাগ নয় হাজার ১৪৬ ও তৃতীয় বিভাগে পাস করেছে তিন হাজার ১৬৬ জন ছাত্রছাত্রী। বাণিজ্য বিভাগ থেকে পরীক্ষায় অংশ নেয় ১২ হাজার ৫০৪ জন। প্রথম বিভাগে ৩৮৮ জন, দ্বিতীয় বিভাগে তিন হাজার ৬৮৪ ও তৃতীয় বিভাগে ৬৭৪ জন পাস করেছে। বোর্ডে মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্রের সংখ্যা ৫৯ হাজার ১১৫, পাস করেছে ১৫ হাজার ৪০৭। পাসের হার ৩১ দশমিক ৩৭ শতাংশ। ছাত্রীর সংখ্যা ২৭ হাজার ৯৯০, পাস করেছে আট হাজার ৩০৮ জন, পাসের হার ২৯ দশমিক ৬৮ শতাংশ।

যশোর বোর্ড থেকে পরীক্ষায় অংশ নেয় এক লাখ ছয় হাজার ৭৩৯ জন ছাত্রছাত্রী। পাস করেছে ২০ হাজার ৬৫০ জন। বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১০ হাজার ৭৬২। প্রথম বিভাগ পেয়েছে এক হাজার ৬৪০, দ্বিতীয় বিভাগে দুই হাজার ৯৩৪ এবং তৃতীয় বিভাগে ৩৭১ জন পাস করেছে। মানবিক বিভাগে ৮৪ হাজার ৫৭ জন পরীক্ষা দিয়ে প্রথম বিভাগে দুই হাজার ২৯ জন, দ্বিতীয় বিভাগে আট হাজার ৫১৬ জন এবং তৃতীয় বিভাগে দুই হাজার ১২৩ জন পাস করেছে।

বাণিজ্য বিভাগ ১১ হাজার ৯২০জন পরীক্ষার্থীর মধ্যে প্রথম বিভাগে ৫৯১ জন, দ্বিতীয় বিভাগে দুই হাজার ৭৮ জন এবং ৩৬৮ জন তৃতীয় বিভাগে পাস করেছে। মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্রের সংখ্যা ৬৯ হাজার ৫৪৪ জন, পাস করেছে ১৩ হাজার ১০১জন। পাসের হার ১৮ দশমিক ৮৪ শতাংশ।